# রাকী ফয়সাল আহমেদ সাবিত (Raqi Faisal Ahmed Sabit)

এমবিবিএস শিক্ষার্থী, কুমিল্লা মেডিকেল কলেজ

আল কুরআন রুকইয়াহ হিলিং সেন্টার

## বিয়ের রুকিয়াহ সম্পর্কে আমাদের গাইডলাইন ও বাস্তব ধারণা

**السَّلَامُ عَلَيْكُمْ وَرَحْمَةُ اللَّهِ وَبَرَكَاتُهُ**

যাঁরা বিয়ের জন্য রুকিয়াহ নিতে চান, তাঁদের প্রথমেই একটি বিষয় খুব ভালোভাবে বুঝতে হবে—বিয়ে সম্পূর্ণ তাকদিরের (ভাগ্যের) বিষয়। তবে, আপনার বিয়েতে যদি মানুষের করা জাদু, জিনের বড় কোনো সমস্যা বা বদনজর বাধা হয়ে দাঁড়ায়, তবে সে ক্ষেত্রে আমাদের রুকিয়াহ إِنْ شَاءَ اللَّهُ অত্যন্ত কার্যকর ভূমিকা পালন করবে।

### আমাদের বাস্তব অভিজ্ঞতা ও সফলতা:

আমাদের এখানে এমন রেকর্ডও আছে যে, একদিন রুকিয়াহ করার পরের দিনই বিয়ে হয়ে গেছে! কারো ক্ষেত্রে ৭ দিন, কারো ১ মাস বা ২ মাস সময় লেগেছে, আবার কারো ক্ষেত্রে আরো অনেক বেশি সময় লেগেছে। الْحَمْدُ لِلَّهِ, আল্লাহর রহমতে আমাদের এখান থেকে রুকিয়াহ নিয়ে অবিবাহিত ছেলে-মেয়ে, ডিভোর্সি, প্রবাসী ভাই-বোন, বেশি বয়সী বা কম বয়সী—সব বয়সের এবং সব অবস্থার মানুষেরই বিয়ের ব্যবস্থা হয়েছে।

### কিছু ভুল ধারণা ও বাস্তবতা:

অনেকে এসে জিজ্ঞেস করেন, "রুকিয়াহ করলে কত দিনে বিয়ে হবে?"—এটি একটি ভ্রান্ত প্রশ্ন। এর কোনো গ্যারান্টি দুনিয়ার কারো পক্ষে দেওয়া সম্ভব নয়, কারণ এটি সম্পূর্ণ আল্লাহর ইশারা ও তাকদিরের বিষয়।

আবার এমনও হয়েছে যে, অনেকে ঠিকমতো আমল করেননি বা তাঁদের তাকদিরে এখনো সময় আসেনি বলে বিয়ে হয়নি। কিন্তু রুকিয়াহর ফলে জিনের আছর, জাদু বা বদনজরের কারণে তৈরি হওয়া শারীরিক অসুস্থতা, দুশ্চিন্তা (Anxiety) এবং অন্যান্য মানসিক বা শারীরিক সমস্যাগুলো إِنْ شَاءَ اللَّهُ দূর হয়ে যায়। আর তাকদিরে থাকলে আল্লাহ চাইলে খুব দ্রুত বিয়ের ব্যবস্থাও হয়ে যায়।

### আমাদের রুকিয়াহর প্রসেস এবং আপনার করণীয়:

বিয়ের সমস্যা সমাধানের জন্য আমাদের নির্দিষ্ট একটি প্রসেস আছে:

১. **ডায়াগনোসিস:** প্রথমেই ডায়াগনোসিস করে বের করতে হবে আপনার সমস্যাটা ঠিক কোথায়।

২. **রুকিয়াহ সেশন:** এরপর আপনার সামর্থ্য অনুযায়ী মাসিক বা নিয়মিত রুকিয়াহ সেশন চালিয়ে যেতে হবে।

৩. **নিজের আমল:** আমাদের দেওয়া আমলগুলো নিজের সর্বোচ্চ চেষ্টা (Effort) দিয়ে চালিয়ে যেতে হবে।

সর্বোপরি, আল্লাহর কাছে প্রচুর চাইতে হবে এবং আমাদের কাছ থেকে সঠিক নিয়মে রুকিয়াহ নিতে হবে। আপনি নিজে ধৈর্য ধরে চেষ্টা করলে এবং আল্লাহর ওপর ভরসা রাখলে إِنْ شَاءَ اللَّهُ দ্রুত সুস্থ হয়ে উঠবেন এবং আপনার কাঙ্ক্ষিত গন্তব্যে পৌঁছাতে পারবেন। جَزَاكَ اللَّهُ خَيْرًا

## রুকইয়াহ: সিহরি সুফলি, লজ্জাস্থানের জাদুর গিরা খোলা ও আশিক জিন ধ্বংসের আমল

এই রুকইয়াহ গাইডলাইনটি আল্লাহর কালামের সাহায্যে সিহরি সুফলি (কালো জাদু), যিনা-অশ্লীলতার দিকে ধাবিত করার জাদু নষ্ট করা, লজ্জাস্থানে (প্রাইভেট পার্টস) থাকা জাদুর গিরা খোলা এবং সেখান থেকে আশিক জিন ও শয়তানের প্রভাব চিরতরে ধ্বংস করার জন্য সাজানো হয়েছে। এটি বিশেষত বিবাহে বাধাসৃষ্টিকারী জিনের প্রভাব নষ্ট করতে অত্যন্ত কার্যকরী।

## পঠিত দোয়া ও আয়াতসমূহ

১. লজ্জাস্থানের গিরা খোলা ও পোড়ানোর দোয়া: অডিওতে বারবার পঠিত

**بِسْمِ اللَّهِ وَبِكَلِمَاتِهِ تُحَلُّ عُقَدُ الْعَوْرَاتِ، بِسْمِ اللَّهِ وَبِكَلِمَاتِهِ تُحْرَقُ عُقَدُ الْعَوْرَاتِ، بِسْمِ اللَّهِ وَبِكَلِمَاتِهِ تُمَزَّقُ كُلُّ عُقْدَةٍ فِي الْعَوْرَةِ**

> **অর্থ:** আল্লাহর নামে এবং তাঁর বাণীসমূহের অসিলায় লজ্জাস্থানের (প্রাইভেট পার্টস) জাদুর গিরাসমূহ খুলে দেওয়া হোক। আল্লাহর নামে এবং তাঁর বাণীসমূহের অসিলায় লজ্জাস্থানের গিরাসমূহ পুড়িয়ে দেওয়া হোক। আল্লাহর নামে এবং তাঁর বাণীসমূহের অসিলায় লজ্জাস্থানের প্রতিটি গিরা ছিঁড়ে টুকরো টুকরো করা হোক।

২. আশিক জিন ও বিবাহে বাধা সৃষ্টিকারী জাদুর দোয়া: অডিওতে বারবার পঠিত

اللَّهُمَّ أَبْطِلْ كُلَّ سِحْرٍ فِي الْعَوْرَاتِ، اللَّهُمَّ احْرِقْ كُلَّ شَيْطَانٍ عَاشِقٍ فِي الْعَوْرَاتِ، كُلَّ سِحْرٍ لِلزِّنَا، وَكُلَّ سِحْرٍ لِتَعْطِيلِ الزَّوَاجِ

> **অর্থ:** হে আল্লাহ! লজ্জাস্থানে করা সকল জাদু বাতিল করে দিন। হে আল্লাহ! লজ্জাস্থানে আশ্রয় নেওয়া সকল প্রেমিক (আশিক) শয়তানকে পুড়িয়ে দিন। যিনার দিকে ধাবিত করার সকল জাদু এবং বিবাহে বাধা সৃষ্টির সকল জাদু ধ্বংস করে দিন।

৩. শয়তানের বাসস্থান ধ্বংস করা (সূরা আল-হাশর, আয়াত ২ এর অংশ): ১১ বার

يُخْرِبُونَ بُيُوتَهُم بِأَيْدِيهِمْ وَأَيْدِي الْمُؤْمِنِينَ فَاعْتَبِرُوا يَا أُولِي الْأَبْصَارِ

> **অর্থ:** তারা নিজেদের হাতে নিজেদের ঘরবাড়ি ধ্বংস করছিল এবং মুমিনদের হাতেও। অতএব, হে দৃষ্টিমান লোকেরা, তোমরা শিক্ষা গ্রহণ কর।

৪. ফেরেশতাদের আঘাত ও আগুনের শাস্তি (সূরা আল-আনফাল, আয়াত ৫০): ১৩ বার

## الْمَلَائِكَةُ يَضْرِبُونَ وُجُوهَهُمْ وَأَدْبَارَهُمْ وَذُوقُوا عَذَابَ الْحَرِيقِ

> **অর্থ:** ফেরেশতারা তাদের মুখে এবং পিঠে আঘাত করছে এবং বলছে, জ্বলন্ত আগুনের শাস্তি আস্বাদন কর।

৫. অশ্লীলতা হারাম হওয়ার আয়াত (সূরা আল-আরাফ, আয়াত ৩৩ এর অংশ): ১১ বার

## قُلْ إِنَّمَا حَرَّمَ رَبِّيَ الْفَوَاحِشَ مَا ظَهَرَ مِنْهَا وَمَا بَطَنَ

> **অর্থ:** বল, নিশ্চয়ই আমার রব প্রকাশ্য ও গোপন সকল অশ্লীলতা হারাম করেছেন।

৬. যিনা ও ব্যভিচার থেকে সতর্কবাণী (সূরা আল-ইসরা, আয়াত ৩২): ৯ বার

## وَلَا تَقْرَبُوا الزِّنَا ۖ إِنَّهُ كَانَ فَاحِشَةً وَسَاءَ سَبِيلًا

> **অর্থ:** আর তোমরা ব্যভিচারের কাছেও যেও না। নিশ্চয়ই তা অশ্লীল কাজ এবং মন্দ পথ।

৭. লজ্জাস্থানের হেফাজত (সূরা আল-মুমিনুন, আয়াত ৫): ১১ বার

## وَالَّذِينَ هُمْ لِفُرُوجِهِمْ حَافِظُونَ

**অর্থ:** এবং যারা নিজেদের লজ্জাস্থানসমূহ হেফাজত করে।

৮. শয়তানের আকাঙ্ক্ষায় বাধা (সূরা সাবা, আয়াত ৫৪ এর অংশ): ৭ বার

وَحِيلَ بَيْنَهُمْ وَبَيْنَ مَا يَشْتَهُونَ

**অর্থ:** এবং তাদের ও তাদের বাসনার মাঝে অন্তরায় সৃষ্টি করা হবে।

৯. শয়তানকে আগুনের শাস্তি প্রদান (সূরা আল-বুরুজ, আয়াত ১০): ৯ বার

إِنَّ الَّذِينَ فَتَنُوا الْمُؤْمِنِينَ وَالْمُؤْمِنَاتِ ثُمَّ لَمْ يَتُوبُوا فَلَهُمْ

عَذَابُ جَهَنَّمَ وَلَهُمْ عَذَابُ الْحَرِيقِ

**অর্থ:** নিশ্চয়ই যারা মুমিন পুরুষ ও মুমিন নারীদেরকে ফিতনায় ফেলেছে (নির্যাতন করেছে), অতঃপর তাওবা করেনি, তাদের জন্য রয়েছে জাহান্নামের আযাব এবং তাদের জন্য রয়েছে দহন যন্ত্রণা।

১০. জিন ও শয়তানকে বন্দি করা (সূরা গাফির, আয়াত ৭১): অডিওর শেষে বারবার

إِذِ الْأَغْلَالُ فِي أَعْنَاقِهِمْ وَالسَّلَاسِلُ يُسْحَبُونَ

**অর্থ:** যখন তাদের গলদেশে থাকবে শৃঙ্খল এবং শিকল, তাদের টেনে হিঁচড়ে নিয়ে যাওয়া হবে।

## 📌 সেলফ রুকইয়াহ গাইডলাইন

আপনি যে সমস্যাগুলো থেকে বের হতে চান অথবা যে রোগ থেকে সুস্থতা লাভ করতে চান সেই সমস্যা ও রোগ গুলোকে ১, ২, ৩, এভাবে নাম্বার দিয়ে সিরিয়াল অনুযায়ী প্রথমে নোট ডাউন করে নিবেন। পরবর্তীতে এক নম্বরে যে সমস্যা বা রোগটি থাকবে সেটার জন্য একদিন ৩০ মিনিট আপনি নিজেই রুকইয়াহ করবেন, দ্বিতীয় নম্বরে যে সমস্যা বা রোগটি থাকবে সেটার জন্য দ্বিতীয় দিন ৩০ মিনিট রুকইয়াহ করবেন। তৃতীয় দিন তৃতীয় সমস্যা বা রোগটির জন্য, চতুর্থ দিন চতুর্থ সমস্যা বা রোগের জন্য। এভাবে সিরিয়াল অনুযায়ী...

### 🟢 নিজেই নিজের রুকইয়াহ করার নিয়ম

**"হে আল্লাহ আমার সিহরি সুফলি, লজ্জাস্থানে করা জাদু, জাদুর গিরা, আশিক জিন, যিনা বা অশ্লীলতার দিকে ধাবিত করার প্রভাব এবং বিবাহে বাধাসৃষ্টিকারী জাদুর সাথে সম্পৃক্ত সকল বদনজর, হাসাদ, সেহের, জ্বীন, শরীরের ভিতরে ও বাইরে থাকা শয়তান জ্বীন ও তাদের সকল প্রভাবকে আপনি ধ্বংস করে দিন"**

উপরের এই বাংলা দোয়াটি ১৫ মিনিট পাঠ করবেন। আর বাকি ১৫ মিনিট সূরা ফাতিহা, ফালাক এবং নাস পাঠ করবেন।

এভাবে বাংলা ১৫ মিনিট দোয়া এবং ১৫ মিনিট কুরআনের আয়াত পাঠ করে মোট ৩০ মিনিট রুকইয়াহ শেষ করার পর পানি, মধু, গোলাপজল, অলিভ অয়েল, সিদর পাতা, এগুলোতে ফুঁ দিয়ে মিশিয়ে ফুঁ দিবেন।

এরপর করার ফলে আপনার নিজের রুকইয়াহও হলো আবার সাথে সাথে আপনার পড়া পানি, পড়া মধু, পড়া তেল ইত্যাদি সব সাপ্লিমেন্ট ব্যবহারের জন্য তৈরি হয়ে গেল।

### 🟢 সাপ্লিমেন্ট ব্যবহার করার নিয়ম

আপনি রুকইয়াহ করে যে পড়া পানি তৈরি করেছেন সেখান থেকে আধা লিটার পড়া পানি নিয়ে তাতে পরিমাণ মতো এবং স্বাদ মতো লেবুর রস, মধু, সিদর পাতা মিশিয়ে শরবত বানিয়ে পুরোটা খেয়ে আপনার জন্য সাপোর্টিভ রুকইয়াহ অ্যাক্টিভ করবেন।

**সাজেস্টেড অডিও:** https://youtu.be/UIDugowL8T8

### 🟢 রুকইয়াহ গোসল করবেন সপ্তাহে ১ দিন

গোসলের নিয়ম: এক বালতি গোসলের পানি নিন। তাতে ১ লিটার পড়া পানি, এক চামচ পিঙ্ক সল্ট, ১০-১৫ চামচ গোলাপজল এবং ১ থেকে ৩ চামচ অলিভ অয়েল এবং সাতটি সিদর পাতা বেটে পেস্ট করে পানিতে মিশিয়ে ফেলুন।

এরপর এই ১ বালতি পানি থেকে আরেক বালতি পানি আপনার মাথার উপর থেকে আস্তে আস্তে ঢালবেন এবং পুরো শরীর ম্যাসাজ করবেন। পরবর্তীতে নরমাল ফ্রেশ পানি দিয়ে গোসল করে শরীর পরিষ্কার করে নিবেন।

### 🟢 পড়া অলিভ অয়েল ব্যবহার করবেন

গোসলের পর এবং রাতে ঘুমানোর আগে পুরো শরীরে পড়া অলিভ অয়েল মেখে নিবেন। বিশেষ করে আপনার শরীরের যে সকল জায়গায় ব্যথা করে, জ্বালাপোড়া করে এবং ফুসকুড়ি সেসব স্থানে ঐ পড়া অলিভ অয়েল দিয়ে ম্যাসাজ করবেন। (আশিক জিনের প্রভাব দূর করতে নাভি থেকে নিচ পর্যন্ত অংশে বিশেষভাবে মালিশ করতে পারেন)

### 🟢 পড়া পানি দিয়ে মুখ ধোবেন / স্প্রে করবেন

যখন আপনার বাসায় স্প্রে করবেন, তখন ঐ পানি দিয়ে স্প্রে করা হবে এবং পড়া পানি মিশিয়ে নিয়ে তা দিয়ে বাসার ফ্লোর মুছে নিবেন। একটি স্প্রে বোতলে পড়া পানি এবং সুগন্ধি ছাড়া এমন আতর মিশিয়ে বাসায় স্প্রে করবেন।

### 🟢 আমল

সূরা কফ ৩ বার রাতে, সকালে সূরা ইয়াসিন, সন্ধ্যায় সূরা ওয়াকিয়া।

### 🟢 সামর্থ্য অনুযায়ী সুন্নতের নিয়তে সাদাকাহ করবেন

নিয়মিত মাসনুন আমল করার পাশাপাশি নিজের সামর্থ্য অনুযায়ী সুন্নতের নিয়তে সাদাকাহ আদায় করবেন।

---

WhatsApp: 01886608999 | Telegram: Al Quranic Ruqyah Healing

Reference Video: https://youtu.be/UIDugowL8T8